



বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট
ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বর্ধমান ভবন, বাংলা একাডেমি, ঢাকা
www.shilpitrust.portal.gov.bd

স্মারক নম্বর : ৪৩.৩৭.০০০০.০০০.০১.০০১.২২.৯২

তারিখ ০১ মাঘ ১৪৩০
১৫ জানুয়ারি ২০২৪

বিজ্ঞপ্তি

২০২৪ সালের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়স্বত্বাধীন বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের পক্ষ থেকে শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য শিল্পীকে শিল্পকর্মের সাথে সংশ্লিষ্ট বিষয়ে এমফিল/পিএইচডি কোর্সে অধ্যয়নের জন্য এবং শিল্পীদের ষষ্ঠ থেকে স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত মেধাবী সন্তানের শিক্ষার জন্য বৃত্তি প্রদানের লক্ষ্যে নিম্নলিখিত নির্দেশাবলী অনুসরণ সাপেক্ষে আবেদন আহবান করা যাচ্ছে :

- (১) আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও প্রচলিত কোন শাখার শিল্পী/সাহিত্যিক হতে হবে।
- (২) শিল্প/সাহিত্যকর্ম বিকাশে মৌলিক/বিশিষ্ট অবদান রেখেছেন এমন শিল্পী বা তাঁর সন্তান বৃত্তি প্রাপ্তির ক্ষেত্রে যোগ্য বলে বিবেচিত হবেন।
- (৩) আবেদনকারী শিল্পীর নামে একটি নিজস্ব ব্যাংক একাউন্ট থাকতে হবে।
- (৪) শিল্পকর্মে বিশেষ অবদানের জন্য বৃত্তি এবং শিল্পীদের মেধাবী সন্তানের শিক্ষার জন্য বৃত্তি প্রত্যাশী শিল্পীকে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।
- (৫) আবেদন ফরম বিনামূল্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় (www.moca.gov.bd) ও বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট (www.shilpitrust.portal.gov.bd) এ পাওয়া যাবে। আবেদন ফরমের ফটোকপি গ্রহণযোগ্য।
- (৬) আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে আগামী ১০ মার্চ ২০২৪ তারিখের মধ্যে নিজ নিজ জেলার জেলা প্রশাসক এবং ঢাকা মহানগরীর ক্ষেত্রে বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক বরাবর ডাকযোগে পৌঁছাতে হবে।
- (৭) দুইকপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, স্থায়ী ঠিকানার অনুকূলে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্মানিবন্ধন সনদের কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।


১৫/০১/২০২৪

অসীম কুমার দে
ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট